প্রিন্ট: ১০ ফেব্রুয়ারি ২০২৬, ১১:১৫ এএম

শিক্ষাঙ্গন

# শিক্ষকদের বদলি নিয়ে সুখবর

Advertisement

যুগান্তর প্রতিবেদন
প্রকাশ: ০৯ ফেব্রুয়ারি ২০২৬, ০৬:৫৩ পিএম

বেসরকারি স্কুল-কলেজে কর্মরত এমপিওভুক্ত শিক্ষকদের বদলি সফটওয়্যারের ডেমো আগামীকাল মঙ্গলবার দেখানো হবে। এদিন সকালে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগে সফটওয়্যারের ডেমো দেখানো হবে।

সোমবার (৯ ফেব্রুয়ারি) মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের একটি সূত্র গণমাধ্যমে জানিয়েছে, বদলির জন্য তৈরিকৃত সফটওয়্যারের ডেমোতে কোনো সমস্যা না থাকলে নির্বাচনের পর বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। ওই বিজ্ঞপ্তিতে বদলির সময়সীমা, শূন্য পদের তথ্য সংগ্রহ থেকে শুরু করে বিস্তারিত দিক নির্দেশনা দেওয়া থাকবে।

নাম অপ্রকাশিত রাখার শর্তে শিক্ষা মন্ত্রণালয়ের এক কর্মকর্তা গণমাধ্যমে বলেন, ‘মঙ্গলবার সকালে বদলি সফটওয়্যারের ডেমো প্রদর্শিত হবে। সফটওয়্যারে কোনো ইস্যু না থাকলে নির্বাচনের পর শিক্ষকদের বদলির বিজ্ঞপ্তি জারি করা হবে।’

জানা গেছে, এনটিআরসিএর সুপারিশে নিয়োগ পাওয়া শিক্ষকদের আগে বদলির কোনো সুযোগ ছিল না। প্রকাশিত গণবিজ্ঞপ্তিতে আবেদন করে তারা প্রতিষ্ঠান পরিবর্তনের সুযোগ পেতেন। প্রথম থেকে তৃতীয় গণবিজ্ঞপ্তি পর্যন্ত ইনডেক্সধারী শিক্ষকরা এই সুযোগ পেলেও চতুর্থ

সফটওয়্যার প্রস্তুত না হওয়া, নীতিমালা সংশোধনসহ একাধিক কারণে এখনো বদলি কার্যক্রম শুরু হয়নি। বদলির জন্য সংশোধিত নীতিমালা জারি হলেও সফটওয়্যার তৈরি না হওয়ায় এ কার্যক্রম শুরু নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছিল। অবশেষে বদলি সফটওয়্যারের ডেমো দেখানোর উদ্যোগ নেওয়া হয়েছে। সফটওয়্যারে সমস্যা না থাকলে শিগগিরই বদলির সুযোগ পেতে যাচ্ছেন শিক্ষকরা।